

আজকাল

শনিবার ৮ আগস্ট ২০২০

ছুটন্ত বুলেট ধরতেন দাঁতে



বিনোদনের প্রতিবেদন: পিস্তলের গুলি দাঁত দিয়ে ধরার রোমহর্ষক, বিপজ্জনক ম্যাজিক দেখিয়ে দর্শকদের চমকিত করতেন প্রিন্স শীল। জুলাই মাসের ৮ তারিখে এই বিশিষ্ট জাদুকর চলে গেলেন তাঁর জাদুদণ্ড রেখে দিয়ে, মাত্র ৬৮ বছর বয়সে। পার্ক স্ট্রিটের ট্রিংকাসে

প্রয়াত জাদুকর প্রিন্স শীল

পেশাদার জাদুকর হিসেবে তাঁর আত্মপ্রকাশ ১৯৬৯ সালে। এখানে গান গাইতেন তখন উষা উথুপ। প্রিন্স শীলের আসল নাম ছিল বিমলকুমার শীল। তাঁর বুলেট ক্যাচিংয়ের ম্যাজিক সম্প্রচারিত করেছিল ডিসকভারি চ্যানেল। জাদুকর পি সি সরকার জুনিয়রের স্নেহধন্য প্রিন্স শীল জাদুসম্রাটের নামাঙ্কিত পুরস্কার পেয়েছেন দু'বার। পেয়েছেন লাইফ টাইম অ্যাচিভমেন্ট

অ্যাওয়ার্ডও। স্ত্রী জয়া বরাবরই উৎসাহিত করেছেন তাঁকে। মেয়ে রোশনী, জামাই সুস্মিতও জাদুকর। নাতি ব্রজরাজও দাদুর অনুপ্রেরণায় ৯ বছর বয়সেই ম্যাজিক দেখাতে ভালবাসে। বাংলার জাদুজগতে শূন্যতা তৈরি করে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন প্রিন্স শীল।